# নির্বাচনে বিশৃঙ্খলা ছড়াতে চেষ্টায় কিছু রাজনৈতিক দল: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, কয়েকটি রাজনৈতিক দল অযথা জাতীয় নির্বাচনে অস্থিরতা ও শঙ্কার পরিবেশ তৈরি করার চেষ্টা করছে।

রোববার (৭ সেপ্টেম্বর) সন্ধ্যায় ঠাকুরগাঁও জিলা স্কুল মাঠে জেলা বিএনপির দ্বিবার্ষিক সম্মেলনের প্রস্তুতি পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

তিনি বলেন, "আমরা কিছুটা উদ্বিগ্ন। তবে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠিত হবে এবং তা জনগণের কাছে গ্রহণযোগ্য হবে। বিএনপি সব সময় অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পক্ষে অবস্থান করে আসছে।"

আগামীকাল সোমবার অনুষ্ঠেয় দ্বিবার্ষিক সম্মেলন প্রসঙ্গে ফখরুল বলেন, সব ধরনের প্রস্তুতি শেষ হয়েছে। নানা আয়োজনের মধ্য দিয়ে একটি সফল সম্মেলন অনুষ্ঠিত হবে বলে আশা করা যাচ্ছে। সবচেয়ে বড় প্রাপ্তি হলো বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন। তার অংশগ্রহণের মধ্য দিয়েই সম্মেলন নতুন দিগন্তের সূচনা করবে বলে তিনি বিশ্বাস প্রকাশ করেন।

LENS ASIA

এ সময় জাতীয় পার্টির কো-চেয়ারম্যানের 'ক্লিন ইমেজ' নেতাদের আওয়ামী লীগের মনোনয়ন প্রসঙ্গে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করতে রাজি হননি। পরিদর্শনকালে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।